Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 26 June, 2025

চীনের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের গুইঝৌ প্রদেশে ভয়াবহ বন্যায় এখন পর্যন্ত অন্তত ছয়জনের মৃত্যুর খবর পাওয়া গেছে।আজ বৃহস্পতিবার (২৬ জুন) রাষ্ট্রীয় সংবাদমাধ্যম সিনহুয়ার বরাতে এ তথ্য জানিয়েছে এএফপি।

স্থানীয় সময় সকাল ১১টা পর্যন্ত পাওয়া তথ্যে জানা গেছে, কয়েকটি নিচু এলাকা ও শহর প্লাবিত হয়েছে।ক্ষতিগ্রস্ত হয়েছে বহু অবকাঠামো ও যোগাযোগব্যবস্থা।অনেক জায়গায় আটকে পড়েছেন স্থানীয় বাসিন্দারা।

চীনা কর্তৃপক্ষ গত সপ্তাহে পাহাড়ি ঢলের আশঙ্কায় ছয়টি প্রদেশে বছরের প্রথম ‘রেড অ্যালার্ট’ জারি করে।যা দেশটির চার-স্তরের সতর্কতা ব্যবস্থায় সর্বোচ্চ সতর্ক সংকেত।

বন্যাকবলিত অঞ্চলগুলো থেকে এ পর্যন্ত প্রায় ৮০ হাজার ৯০০ মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়েছে।যদিও বৃহস্পতিবার দুপুর নাগাদ কিছু এলাকায় পানি বিপৎসীমার নিচে নেমে এসেছে বলে জানিয়েছে স্থানীয় বন্যা নিয়ন্ত্রণ দপ্তর।

চীন বর্তমানে এক চরম আবহাওয়া পরিস্থিতির মধ্য দিয়ে যাচ্ছে—কোথাও তীব্র তাপপ্রবাহ, আবার কোথাও ভারী বৃষ্টি ও আকস্মিক বন্যা দেখা দিয়েছে।গত সপ্তাহে হুনান প্রদেশে ভারী বৃষ্টিপাতে ১০ হাজার মানুষকে সরিয়ে নেওয়া হয়।

উল্লেখ্য, চীন একদিকে বিশ্বের সবচেয়ে বড় গ্রিনহাউস গ্যাস নিঃসরণকারী দেশ, অন্যদিকে নবায়নযোগ্য জ্বালানিতে বড় বিনিয়োগকারীও।দেশটি ২০৬০ সালের মধ্যে কার্বন নিঃসরণ

শূন্যে নামিয়ে আনার লক্ষ্যে কাজ করছে।

গুইঝৌ ভয়াবহ বন্যা চীনের দক্ষিণ-পশ্চিমাঞ্চল ছয়জন মৃত রেড অ্যালার্ট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 21:59

URL: https://www.timestodaybd.com/international/4732173757